

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

গোবিন্দগঞ্জ উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি সভার কার্য-বিবরণী

সভাপতি : জনাব মোঃ শরিফুল ইসলাম সরকার  
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।  
স্থান : ভাইস-চেয়ারম্যান এর কার্যালয়  
তারিখ : ১১/০১/২০২২ খ্রিঃ  
সময় : বেলা ১২.০০ ঘটিকা

আলোচ্য সূচী : ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।  
০২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে অবকাঠামো উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ।  
০৩। প্রশিক্ষণ প্রস্তাবনা  
০৪। বিবিধ।

সভায় উপস্থিতি সদস্যদের নামের তালিকাঃ

ক্রমিকনং	নাম ও পদবী	অত্র কমিটির পদবী	স্বাক্ষর/মন্তব্য
০১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	সভাপতি	স্বাক্ষরিত
০২	চেয়ারম্যান, দরবস্ত ইউপি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	সদস্য	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান, কামারদহ ইউপি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	সদস্য	স্বাক্ষরিত
০৪	উপজেলা শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	সদস্য	স্বাক্ষরিত
০৫	সদস্য, সংরক্ষিত আসন, ০২ নং ওয়ার্ড	সদস্য	অনুপস্থিত
০৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।	সদস্য সচিব	স্বাক্ষরিত

উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বিস্তারিত আলোচনার জন্য উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। সভার সদস্য সচিব, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভার সঞ্চালনা শুরু করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত ও সুপারিশমালা	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত
১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : সভায় সদস্য সচিব জনাব শাহ আলম পারভেজ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান।	১। আলোচনান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় অনুমোদিত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে অবকাঠামো উন্নয়ন প্রস্তাবনা প্রেরণঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় ৮৩ টি মাধ্যমিক	২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় পুনতাইড় নিম্ন মাধ্যমিক	উপজেলা মাধ্যমিক শিক্ষা

নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এবং ৫১ টি দাখিল ও আলিম মাদ্রাসা রয়েছে। তিনি আরও জানান প্রত্যন্ত অঞ্চলের অনেক শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কক্ষের সংকট রয়েছে ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত পাঠদান ব্যহত হচ্ছে। এজন্য বেশকিছু শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তাদের শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিকক্ষ সংকটের কথা উল্লেখ করে সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন ও উপজেলা চেয়ারম্যান বরাবর আবেদনও করেছেন এবং আবেদনে তারা উল্লেখ করেছেন যে শ্রেণি কক্ষ সংকটের কারণে তাদের শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। এমতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পাঠদান নিয়মিত রাখার জন্য শ্রেণিকক্ষের সংকট নিরসন করা জরুরী হয়ে পড়েছে। এ আলোচনায় সভাপতি মহোদয় জানান যে, গত মাসের উপজেলা মাসিক সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন সংস্থা/দপ্তরের নিকট থেকে সংশ্লিষ্ট উপজেলা কমিটির মাধ্যমে প্রস্তাবনা আহবান করা হয়েছে। তিনি এ বিষয়ে প্রস্তাবনা প্রেরণের জন্য যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে খুবই প্রয়োজন সকল শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের উপস্থিত সকলকে অনুরোধ করেন।

এ প্রেক্ষিতে সকল সদস্যগণ আলোচনাক্রমে ১ টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও ২টি মাদ্রাসার শ্রেণিকক্ষ নির্মাণের প্রস্তাবনা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

### ৩। প্রশিক্ষণের প্রস্তাবনা প্রেরণঃ


এ পর্বে সভাপতি মহোদয় বর্তমান সময়ে অত্যন্ত প্রয়োজনীয় ও হিতকর প্রশিক্ষণ নির্ধারণ করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। এর পরিপ্রেক্ষিতে সদস্যগণ আলোচনাক্রমে ইনফরমেশন ও টেকনোলজির গুরুত্ব বিবেচনা করে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ডিজিটাল নিরাপত্তা ও ও নিরাপদ ইন্টারনেট ব্যবহার বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

বিদ্যালয়, সাপমারা দারুচ্ছালাম দাখিল মাদ্রাসা এবং গোলাপবাগ আলিম মাদ্রাসায় শ্রেণিকক্ষ নির্মাণের প্রস্তাবনা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কর্মকর্তা

৩। বিভিন্ন উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ডিজিটাল নিরাপত্তা ও নিরাপদ ইন্টারনেট ব্যবহার বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ শরিফুল ইসলাম সরকার)  
 ভাইস চেয়ারম্যান,  
 উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ  
 ও  
 সভাপতি


উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি

স্মারক নং- ৩৭.০২.৩২৩০.০০০.০৬.০০৩.২২- ৩৫২

তারিখঃ- ১১/০১/২০২২ খ্রিঃ

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ০৭। অফিস কপি।

  
 (শাহ আলম পারভেজ)  
 উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,  
 গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।  
 উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
 গোবিন্দগঞ্জ, গাইবান্ধা